

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০১০৩
কমলপুর, ১৮ মার্চ, ২০২৩

ধলাই জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সূচনা

ধলাই জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের আজ আনুষ্ঠানিক উদ্বোধন হয় মানিকভান্ডার ইংরেজি মাধ্যম উচ্চ বুনিয়াদি বিদ্যালয় এর সভাঘরে। ২০-২৮ মার্চ সমগ্র জেলায় এই অভিযান চলবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে। আজ জেলাভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক স্বপ্না দাস পাল। উপস্থিত ছিলেন ধলাই জেলা স্বাস্থ্য আধিকারিক ডাঃ এপোলো দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক যতন দেববর্মা, কমলপুর ব্লাড ডোনাস এসোসিয়েশনের আহ্বায়ক এডভোকেট শ্যামল কান্তি পাল। উদ্বোধকের ভাষণে বিধায়ক স্বপ্না দাস পাল বলেন, রাজ্য সরকার শিক্ষার পাশাপাশি স্বাস্থ্যকেও অগ্রাধিকার দিয়ে কাজ করছে। এই অভিযানের মাধ্যমে স্কুল পড়ুয়া শিশুদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত হবে। তাই সংশ্লিষ্ট সকলকে এই অভিযানকে সফল করে তোলার লক্ষ্যে দায়িত্ব নিয়ে কাজ করতে আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ ছাত্র ছাত্রীদের কৃমিনাশক ঔষধ, আয়রন ট্যাবলেট খাওয়ান। প্রসঙ্গত, ২০-২৮ মার্চ পর্যন্ত এই অভিযানে শিশু ও কৈশোরকে সুস্থ রাখার লক্ষ্যে নয়টি পরিষেবা প্রদান করা হবে গোটা ধলাই জেলা জুড়ে। এগুলি মধ্যে থাকবে টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ, হাম ও রুবেলা নির্মূলকরণ, ৯ মাস থেকে ১৫ বছর বয়স পর্যন্ত ভিটামিন-এ ডোজ, ওআরএস ও জিংক ট্যাবলেট খাওয়ানো, আয়রন ও ফলিক অ্যাসিড এবং কৃমিনাশক ঔষধ খাওয়ানো সহ বিশেষ পোষণ অভিযান। এদিনের অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।
